দৈনিক ইত্তেফাক

তারিখ 31 DEC 1992
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

১২৯

# পরীক্ষার ফি মিটাইতে জমি বন্ধক

## গরু বিক্রি

বরিশাল অফিস ।। এস,এস,সি পরীক্ষার ফি মিটাইবার জন্য বাউফলের গরীব অভিভাবকেরা সোনা ও জমি বন্ধক, হালের গরু এমনকি ঘরের ধান পর্যন্ত বিক্রি করিতেছে। এই বছর উৎপাদিত ধানের মূল্য কম হওয়ায় শুধু ঐ ধান বেচিয়া ফি পরিশোধ করা অনেকের পক্ষে সম্ভব হইতেছে না। ঐ থানার মাধ্যমিক বিদ্যালয়গুলি সর্বনিম্ন ১৩০০ ও সর্বোচ্চ ১৬০০ টাকা ফি ধার্য হইয়াছে। অভিভাবকেরা অতিরিক্ত ফি'র চাপে হিমসিম খাইতেছে। একজন স্কুল শিক্ষক জানান বোর্ড গত বছরের চাইতে এই বছর ফি বৃদ্ধি করায় তাহারাও কিছুটা বেশী ফি এই বছর ধার্য করিয়াছে। গত বছর বিজ্ঞান বিভাগে ফি ছিল ২৩৪ টাকা, মানবিক ১৯৮ ও কেন্দ্র ফি ৫০-৬০ টাকা। এই বছর উহা যথাক্রমে ৩৭০-৩৯০, ৩৩০-৩৫০ ও কেন্দ্র ফি ৬০-৭০ টাকা ধার্য হইয়াছে।